পিংলায় বাড়ির ভিত খুঁড়তে গিয়ে বেরিয়ে এল সুড়ঙ্গ, চাঞ্চল্য

বুদ্ধদেব দাস

মেদিনীপুর, ১৯ নভেম্বর

বাড়ির ভিত খুঁড়তে গিয়ে বেরিয়ে এল সুড়ঙ্গ! পিংলা ব্লকের রাজবল্লভ এলাকার বাসিন্দা অণিমা ঘোষের পাকাবাড়ি তৈরির কাজ করার জন্য ভিত খোঁড়ার কাজ চলছিল। মঙ্গলবার সকালে শ্রমিকরা ভিত খুঁড়তে খুঁড়তে দেখতে পান একটি বড় সুড়ঙ্গপথ। চুন-সুরকি ও পাতলা ইট দিয়ে তা তৈরি। ধীরে ধীরে তা নীচের দিকে নেমে গেছে। সুড়ঙ্গের সন্ধান মেলার খবর নিমেষে গোটা এলাকায় ছড়িয়ে পড়ে। বহু মানুষ তা চাক্ষুষ করতে ভিড় জমান। পাশাপাশি গ্রামের মানুষ আসতে থাকেন। ভিড় সামাল দিতে হিমশিম খেতে হয় সেই পরিবারের সদস্যদের।

খবর পেয়ে ব্লক প্রশাসনের আধিকারিকরা আসেন। তাঁরা জানান, যেটুকু দেখে বোঝা যাচ্ছে, এই সুড়ঙ্গ বহু বছর আগের তৈরি। পুরনো কোনও বাড়ি বা মন্দির হতে পারে। ইতিমধ্যেই পিংলা ব্লক প্রশাসনের পক্ষ থেকে বাড়ি তৈরির কাজ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এলাকায় গিয়ে প্রশাসনিক কর্তারা বিষয়টি খতিয়ে দেখার কাজ শুরু করেছেন। এই মাটি এবং ইট পরীক্ষা করা হবে বলে পিংলা ব্লক প্রশাসনের এক আধিকারিক জানান। পাশাপাশি এই সমস্ত বিষয়ে যাঁরা বিশেষজ্ঞ, তাঁদেরকে খবর দেওয়া হয়েছে বলে জানা গেছে। তবে ওই সুড়ঙ্গ দেখতে মানুষের ভিড় ক্রমশ বেড়েই চলেছে। সেইসঙ্গে ওই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

মাটির নীচে সেই সুড়ঙ্গ। ছবি: প্রতিবেদক

ছাত্রী সুরক্ষায় বহরমপুর গার্লস কলেজে অ্যাপ চালু

প্রদীপ দে

বহরমপুর, ১৯ নভেম্বর

কলেজে এসে ছাত্রী কোথায়? ক্লাসে, না লাইব্রেরীতে? না কি ডুব মেরে কোনও পার্কে বন্ধুর সঙ্গে গল্পে মত্ত। এসবই এবার জানা যাবে অতি সহজে। কলেজ ছাত্রীদের সুরক্ষায় একটি অ্যাপ চালু করল বহরমপুর গার্লস কলেজ। মুর্শিদাবাদে তো প্রথম, রাজ্যের কোনও গার্লস কলেজে ছাত্রীদের নিরাপত্তার জন্য এমন ব্যবস্থা নেই। অভিনব এই অ্যাপ চালু দেখে অনেক কলেজ বা শিক্ষা প্রতিষ্ঠান এমন ব্যবস্থায় এগিয়ে আসতে পারে।

বহরমপুর গার্লস কলেজ রাজ্যের অন্যতম একটি প্রাচীন কলেজ। এই কলেজে একসময়ে শিক্ষকতা করেছিলেন বাংলার সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে থাকা রেজাউল করিম। মুর্শিদাবাদ ছাড়াও নদিয়া, বীরভূম জেলার মেয়েরাও পড়ে। বিপুল সংখ্যক ছাত্রীদের কলেজে আসার পর তাদের নিরাপত্তা নিয়ে কলেজ কর্তৃপক্ষ বরাবরই সচেতন। কিন্তু কলেজে হাজিরা দিয়ে কোনও ছাত্রী কলেজে থাকছে, না অন্য কোথাও চলে যাচ্ছে, তা নিয়ে বিশেষ চিন্তিত ছিল কর্তৃপক্ষ। কলেজে আসা থেকে চলে যাওয়া পর্যন্ত ছাত্রীরা কী করছে তা জানতেই একটি অ্যাপ চালু করার কথা ভাবছিল। সেটি চালু হল বুধবার। যার নাম হল-'বি জি সি কলেজ ম্যানেজমেন্ট অ্যাপ।' কীভাবে অ্যাপ কাজ করবে? কলেজ-ছাত্রীদের পরিচয়পত্র দিয়েছে কলেজ। ওই পরিচয়পত্রে থাকা বারকোড স্ক্যান করলেই ট্র্যাকিং সিস্টেমে চলে আসবে ছাত্রীরা। ফলে সহজেই কলেজ কর্তৃপক্ষ জানতে পারবে, ছাত্রী কলেজের ক্লাসে না বাইরে। এমনকী, অভিভাবকরাও নোটিফিকেশন পেতে পারবেন। এই অ্যাপের আওতায় শুধু ছাত্রীরা নয়, থাকবেন শিক্ষিকা থেকে কলেজের কর্মীরাও। কলেজের অধ্যক্ষা হেনা সিনহা বলেন, 'কলেজের ছাত্রীদের নিরাপত্তার বিষয়টি নিয়ে আমরা বরাবরই সতর্ক। গ্রামের একটি মেয়ে পড়তে এসে প্রায় সারাদিন কলেজে থাকছে। অভিভাবকরাও চিন্তিত থাকেন। সেইজন্য আমরা বহুদিন ধরেই ভাবছিলাম, এমন কিছু একটা ব্যবস্থা করতে হবে যাতে ছাত্রীদের নিরাপত্তার বিষয়টি সুরক্ষিত থাকে। সেই কারণে এমন অ্যাপ চালু করা হল।'

সীমান্তে ৬ কেজি সোনা-সহ ধৃত সিভিল ইঞ্জিনিয়ার

আজকালের প্রতিবেদন

প্রায় ৬ কেজি সোনা-সহ এক সিভিল ইঞ্জিনিয়ারকে গ্রেপ্তার করল বিএসএফ। ভারত-বাংলাদেশ সীমান্তে তেঁতুলবেড়িয়া বর্ডার ফাঁড়ির (৫তম ব্যাটালিয়ন) জওয়ানরা উত্তর ২৪ পরগনার আঁচলপাড়া গ্রামে অভিযান চালায়। তখনই তারা ৫.৯ কেজি ওজনের ৫০টি সোনার বিস্কুট-সহ ওই সিভিল ইঞ্জিনিয়ারকে গ্রেপ্তার করে। ওই সোনার বাজার মূল্য ৪.৩৬ কোটি টাকা। ঘটনাটি ঘটে সোমবার। গোপন সূত্রে খবর পেয়ে তেঁতুলবেড়িয়া বর্ডার ফাঁড়ির প্রায় ২,৭০০ মিটার পিছনে আঁচলপাড়া গ্রামে বিএসএফ জওয়ানরা তল্লাশি চালায়। বিএসএফ দলকে দেখে অভিযুক্তরা পালানোর চেষ্টা করে। জওয়ানরা শূন্যে এক রাউন্ড গুলি চালায়। চোরাকারবারিও ভয় দেখায়। অভিযুক্তদের তল্লাশি করে কালো কাপড়ের বেল্টে মোড়া ৫০টি সোনার বিস্কুট পাওয়া যায়। জিজ্ঞাসাবাদে, জানা যায় ধৃত একজন সিভিল ইঞ্জিনিয়ার। দ্রুত অর্থ উপার্জনের জন্য চোরাচালানের দিকে ঝুঁকেছিল। সোনার বিস্কুটগুলো একজনের কাছে হস্তান্তরের কথা ছিল। সেগুলি পাচারে আগেই ধরা পড়ে যায়। ডিআইজি এবং বিএসএফ সাউথ বেঙ্গল সীমান্তের জনসংযোগ আধিকারিক, বিএসএফ কর্মীদের প্রশংসা করেছেন। তিনি স্থানীয় বাসিন্দাদের বিএসএফ-এর হেল্পলাইন ১৪৪১৯ বা হোয়াটসঅ্যাপ নম্বর ৯৯০৩৪৭২২২৭-এর মাধ্যমে সোনা চোরাচালান সম্পর্কিত যে কোনও তথ্য দেওয়ার জন্যও অনুরোধ করেছেন।

উদ্ধার হওয়া সোনার বিস্কুট ও ধৃত অভিযুক্ত। ছবি: আজকাল

ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল,
কলকাতা বেঞ্চ সমীপে
সিপি (সিএএ) নং: ১৯১/(কেবি)/২০২৪
যার সঙ্গে সম্পর্কিত
সিএ (সিএএ) নং: ৭৫/(কেবি)/২০২৪
বিষয়:
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩
ও
বিষয়:
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ২৩০ থেকে ২৩২ ধারা
এবং
বিষয়: কোম্পানিজ (কমপ্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্টস অ্যামালগামেশনস) রুলস, ২০১৬
এবং
বিষয়:

গুডউইল মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের ৩৯, শেক্সপীয়র সরণি, কলকাতা ৭০০০১৭, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ১

ঔম সলিউশন প্রাইভেট লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের এ প্লাই ঘর, ১৮১/১, নগেন্দ্র নাথ রোড, শপ ৮, কলকাতা ৭০০০২৮, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ২

হরসম্ভও বাণিজ্য প্রাইভেট লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের ৩৯, শেক্সপীয়র সরণি, কলকাতা ৭০০০১৭, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ৩

এল এস এডুকেশনাল প্রাইভেট লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের ৬/৭ এ এজেসি বসু রোড, কেবিন ৪, কলকাতা ৭০০০১৭, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ৪

প্যাডক ভিনট্রেড লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের ৬/৭ এ এজেসি বসু রোড, কেবিন ৪, কলকাতা ৭০০০১৭, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ৫

পঙ্গো কমোডিল লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের ৬/৭ এ এজেসি বসু রোড, কেবিন ৪, কলকাতা ৭০০০১৭, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ৬

আরবিএ ট্রাভেল এক্সপ্রেস প্রাইভেট লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের এ প্লাই ঘর, ১৮১/১, নগেন্দ্র নাথ রোড, শপ ৮, কলকাতা ৭০০০২৮, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ৭

আরবিএ মার্কেটিং প্রাইভেট লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের এ প্লাই ঘর, ১৮১/১, নগেন্দ্র নাথ রোড, শপ ৮, কলকাতা ৭০০০২৮, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারার কোম্পানি ৭

সেম্যাঙ্গস কমোসেলস লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে সমিতিবদ্ধ একটি কোম্পানি, যার নথিভুক্ত অফিস উক্ত অধিক্ষেত্রের ৬/৭ এ এজেসি বসু রোড, কেবিন ৪, কলকাতা ৭০০০১৭, পশ্চিমবঙ্গ।

... ট্রান্সফারি কোম্পানি

১. গুডউইল মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড
২. ঔম সলিউশন প্রাইভেট লিমিটেড
৩. হরসম্ভও বাণিজ্য প্রাইভেট লিমিটেড
৪. এল এস এডুকেশনাল প্রাইভেট লিমিটেড
৫. প্যাডক ভিনট্রেড লিমিটেড
৬. পঙ্গো কমোডিল লিমিটেড
৭. আরবিএ ট্রাভেল এক্সপ্রেস প্রাইভেট লিমিটেড
৮. আরবিএ মার্কেটিং প্রাইভেট লিমিটেড
৯. সেম্যাঙ্গস কমোসেলস লিমিটেড

... আবেদনকারীগণ

নোটিস

সেম্যাঙ্গস কমোসেলস লিমিটেড (ট্রান্সফারি কোম্পানি)-এর সঙ্গে গুডউইল মার্কেনডাইজ প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ১), ঔম সলিউশন প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ২), হরসম্ভও বাণিজ্য প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ৩), এল এস এডুকেশনাল প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ৪), প্যাডক ভিনট্রেড লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ৫), পঙ্গো কমোডিল লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ৬), আরবিএ ট্রাভেল এক্সপ্রেস প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ৭), আরবিএ মার্কেটিং প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানি ৮)-এর জন্য উপরিলিখিত আবেদনকারীদের তরফে ২৩২(২) সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ২৩০ (৬) ধারাধীনে ২৯ অক্টোবর ২০২৪ তারিখে একটি পিটিশন পেশ করা হয়েছে এবং ০৭ নভেম্বর ২০২৪-এ ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনালের কলকাতা বেঞ্চের আদেশে উক্ত পিটিশনটি ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনালের কলকাতা বেঞ্চে ০৬ ডিসেম্বর ২০২৪ তারিখে শুনানি হবে বলে স্থির হয়েছে।

উক্ত পিটিশনে কোনও ব্যক্তি সমর্থন বা বিরোধিতা করতে চাইলে নিজের নাম ও ঠিকানার সঙ্গে তাঁর ইচ্ছা বিবৃত করে নোটিস ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল, কলকাতা বেঞ্চ, ৫, এসপ্লানেড রো, কলকাতা ৭০০০০১ সমীপে ও এই পিটিশনারগণের প্রতিনিধি এম কে বি অ্যাসোসিয়েটস, কর্মরত কোম্পানি সচিব, শান্তিনিকেতন বিল্ডিং, ৬ষ্ঠ তল, রুম নং ৫১১, ৮ ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৭, পশ্চিমবঙ্গ-এর কাছে এমনভাবে পাঠাবেন যাতে সেটি এই শুনানির নির্ধারিত তারিখের কমপক্ষে দু'দিন আগে এই পিটিশনারগণের প্রতিনিধির কাছে জমা পড়ে। কোনও ব্যক্তি এই পিটিশনের বিরোধিতা করতে চাইলে নিজস্ব এফিডেভিট সহ বিরোধিতার কারণ উল্লেখ করে ওই নোটিসের সঙ্গে সংলগ্ন করে দেবেন। প্রযোজ্য অর্থাঙ্ক আদায় দিয়ে যে কোনও ব্যক্তি নিম্নস্বাক্ষরকারীর কাছ থেকে ওই পিটিশনের কপি সংগ্রহ করতে পারেন।

তারিখ: ১৯ নভেম্বর ২০২৪

স্বাঃ-
এম কে বি অ্যান্ড অ্যাসোসিয়েটস,
(অনুমোদিত প্রতিনিধি)
৮ ক্যামাক স্ট্রিট, শান্তিনিকেতন বিল্ডিং,
৬ষ্ঠ তল, রুম নং ৫১১
কলকাতা-৭০০ ০১৭, পশ্চিমবঙ্গ।

Plaintiff's Advocate Mr. L.V. Mansinghani

PUBLIC SUMMONS

In the Court of Small Causes Court No.3, At. Ahmedabad
Summary Suit No. - 1377 / 2022
(Old city civil suit No. 1771/2015)
Exh. 19

Plaintiff : State Bank of India
Paldi Branch, Nr. C. N. Vidhyalay, Ahmedabad
V/s.
Defendants : Joyeeta Ramendranaty Roy
Bulbulchali, Kharagpur, Midnapur (West Bengal) - 721304
Suit Valued at Rs. 6,25,512/-

You, The Defendant is hereby informed that the above named Plaintiff has instituted the above mentioned Summary Suit against you for recovery of **Rs. 6,25,512/-** with interest.

The court has tried to serve the summons upon you through RPAD. The summons as well as the court process was returned unserved. In the above circumstances, the Public Summons is hereby issued by way of publication in daily News paper as per the Order passed below **Exh-18** by the Hon'ble Court.

Where the plaintiff above named has instituted a suit against you, the Defendant under Order **XXXVII** of the Code of Civil Procedure, 1908, for **Rs.6,25,512/-** with interest. You are hereby summoned to cause an appearance to be tendered for you, within 10 days from the date of the publication of this public summons in the News paper, in default whereof the plaintiff will be entitled, after the expiration of the said period of ten days, to obtain a decree for any sum not exceeding the sum **Rs.6,25,512/-** and such amount as the court may award for cost together with such interests, if any as the court may order.

If you, the Defendant cause an appearance to be entered for you, the Plaintiff will thereafter, serve upon you a summons for judgment at the hearing of which you will be entitled to move the court for leave to defend the suit.

Leave to defend may be obtained if you satisfy the court by affidavit of otherwise that there is a defence to the suit on the merits, or that is reasonable that you should be allowed to defend suit.

Given under my hand and the seal of the Court, this 11th day of September, 2024.

Prepared by (B. P. Joshi) Assistant Superintendent | Compared by (M. H. Makwana) Bench Clerk Grade-II | Seal | (J. H. Nayak) Registrar, Small Cause Court, Ahmedabad

আজকাল

কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন

১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা

ফর্ম 'বি'
প্রকাশ্য ঘোষণা
[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (লিকুইডেশন প্রোসেস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ১২ অধীনে]
ওয়্যারিট গ্লোবাল লিমিটেড-এর অংশীদারদের অবগতির জন্য

ক্রম নং	বিবরণ	বিশদ
১.	কর্পোরেট ঋণগ্রহীতার নাম	**ওয়্যারিট গ্লোবাল লিমিটেড**
২.	কর্পোরেট ঋণগ্রহীতার প্রতিষ্ঠার তারিখ	০৩.০৮.১৯৯৯
৩.	যে কর্তৃপক্ষের অধীনে এই কর্পোরেট ঋণগ্রহীতা প্রতিষ্ঠিত/ নিবন্ধীকৃত	আরওসি, কলকাতা
৪.	কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেট আইডেন্টিটি নম্বর	U40107WB1999PLC089994
৫.	কর্পোরেট ঋণগ্রহীতার রেজিস্টার্ড অফিস এবং মুখ্য অফিসের ঠিকানা	ক্রেসেন্ট টাওয়ার, ৬ষ্ঠ তল, ২২৯ এ জে সি বসু রোড, কলকাতা ৭০০০২০, পশ্চিমবঙ্গ। কারখানা: গ্রাম ভিলগাঁও, তহশিল- কাসরাওয়াড়, জেলা খাড়গন- ৪৫১২২৮, মধ্যপ্রদেশ।
৬.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেস বন্ধের তারিখ	১৪.১১.২০২৫
৭.	কর্পোরেট ঋণগ্রহীতার লিকুইডেশন শুরুর তারিখ	১৪.১১.২০২৪ (এনসিএলটি থেকে ই মেলে প্রাপ্তি ১৮.১১.২০২৪-এ)
৮.	লিকুইডেটর হিসেবে ক্রিয়ারত ইনসলভেন্সি প্রোফেশনালের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	বৈভব খাভেলওয়ালা, রেজি নং IBBI/IPA-001/ IP-P02157/ 2020-2021/13348
৯.	বোর্ডের কাছে নিবন্ধন অনুযায়ী লিকুইডেটরের ঠিকানা এবং ই-মেল আইডি	৬, গুন্ড পোস্ট অফিস স্ট্রিট, টেম্পল চেম্বারস, ৪র্থ তল, রুম নং ৮০, কলকাতা -৭০০০০১। **vaaibhavkkhandelwal@gmail.com,** ৯৩৩১৬৮৯৩৭৮/ ৮৫৯২৮০৬২২১
১০.	লিকুইডেটরের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহার্য ঠিকানা এবং ই-মেল আইডি	৬, গুন্ড পোস্ট অফিস স্ট্রিট, টেম্পল চেম্বারস, ৪র্থ তল, রুম নং ৮০, কলকাতা -৭০০০০১। **cirp.wearit@gmail.com**
১১.	দাবি পেশের শেষ তারিখ	১৪.১২.২০২৪

এতদ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, মহামান্য ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনালের কলকাতা বেঞ্চ ১৪.১১.২০২৪ তারিখে ওয়্যারিট গ্লোবাল লিমিটেড-এর লিকুইডেশন শুরুর আদেশ জারি করেছেন।
ওয়্যারিট গ্লোবাল লিমিটেড-এর স্বার্থধারকদের প্রতি আহ্বান জানানো হচ্ছে যাতে তাঁরা ওপরে দফা নং ১০-তে উল্লেখ করা ঠিকানায় লিকুইডেটরের কাছে ১৪.১২.২০২৪ তারিখের মধ্যে তাঁদের দাবির অনুকূলে প্রমাণ পেশ করেন।
আর্থিক ঋণদাতারা কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে তাঁদের দাবির অনুকূলে প্রমাণ দাখিল করবেন। বাকি সকল ঋণদাতা তাঁদের দাবির অনুকূলে প্রমাণ নিজেরা এসে, ডাক মাধ্যমে বা ইলেকট্রনিক উপায়ে প্রমাণ দাখিল করতে পারবেন।
দাবির অনুকূলে মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ দাখিল করলে জরিমানা হতে পারে।
লিকুইডেশন প্রক্রিয়াতে দাবি পেশ না করলে কর্পোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেসকালে দাবি দিলে তা ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেস ফর করপোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর ৩৮ ধারায় গণ্য হবে।

স্বাঃ- বৈভব খাভেলওয়ালা
তারিখ: ২০.১১.২০২৪ লিকুইডেটর
স্থান: কলকাতা রেজিস্ট্রেশন নং IBBI/IPA-001/ IP-P02157/ 2020-2021/13348

টাটা ইনস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্সেস (টিআইএসএস)
ভি.এন. পুরভ মার্গ, দেওনার, মুম্বই-৪০০০৮৮
(ইউজিসি অ্যাক্ট ১৯৫৬ সেকশন ৩ অধীনে বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য)
(ভারত সরকারের শিক্ষা মন্ত্রক অধীনে একটি গ্র্যান্ট-ইন-এইড ইনস্টিটিউট)

শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬ সময়ে টিআইএসএস প্রবেশিকা বিজ্ঞপ্তি

টিআইএসএস একটি মাল্টি ক্যাম্পাস বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য। **ক্যাট স্কোর** ২০২৪ ভিত্তিতে টিআইএসএস শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬ সময়ে নিম্নলিখিত সর্বসময়ের (রেগুলার), পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি প্রোগ্রামে প্রবেশিকা ঘোষণা করছে। **ক্যাট ২০২৪**-এ প্রার্থীগণ নথিভুক্ত থাকলে, টিআইএসএস প্রোগ্রামের জন্য ভিন্ন ভাবে টিআইএসএস পোর্টালে নথিভুক্ত থাকতে হবে। ক্যাট ২০২৪ পরীক্ষার নথিভুক্তির জন্য প্রার্থীগণকে ক্যাট বিজ্ঞাপন/ ক্যাট ওয়েবসাইট দেখতে বলা হচ্ছে।

যোগ্যতামান, প্রবেশিকা পদ্ধতি, অনলাইন আবেদনপত্র এবং অন্যান্য আপডেট/পরিমার্জনের জন্য অনুগ্রহ করে দেখুন **https://admissions.tiss.edu/admissions/ma/programmes/**

মুম্বই ক্যাম্পাস

১) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এবং লেবার রিলেশনস-এ এম.এ.
২) অর্গানাইজেশন ডেভেলপমেন্ট, চেঞ্জ অ্যান্ড লিডারশিপ-এ এম.এ. **(স্বলগ্নি)**
৩) মাস্টার অফ হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন (এমএইচএ)

আবেদনের শেষ তারিখ ০৯ ডিসেম্বর ২০২৪

CBC 21323/12/0004/2425 রেজিস্ট্রার

pnb Housing Finance Limited — Ghar Ki Baat

পরিশিষ্ট-IV-A— স্থাবর সম্পত্তি(সমূহ) ই-নিলাম প্রকাশ্য বিক্রির বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি-১১০০০১। ফোন: ০১১-২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

ব্রাঞ্চ অফিস কলকাতা : ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা- ৭০০০১৬

এতদ্বারা জনসাধারণ-সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং 'A'-তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং 'D'-তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং 'C'-তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **'যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং 'A' তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)-এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী-সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯-এর সংস্থানাধীনে এতদ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.**

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি-র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/KOL/0816/307791, রিনারানি মণ্ডল, দ্বৈপায়ন মণ্ডল ব্রাঞ্চ অফিস: কলকাতা	₹ ৮,৪০,৮৭৪.৯৩ ০৭.০৯.২১ অনুযায়ী	বাস্তবিক দখল	নিম্নোক্ত স্বাংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ফ্ল্যাট নং সি৩, ৩ নং ফ্লোরের দক্ষিণ-পশ্চিম পার্শ্বে, সুপার	₹ ১,২০০,০ ০০.০০	₹ ১২০,০০ ০.০০	০৯.১২.২০২৪	₹ ১০,০০০/-	২৫.১১.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১০.১২.২০২৪ দুপুর ২টা থেকে দুপুর ৩টা	জানা নেই

বিল্ট আপ এরিয়া ৬৭০ বর্গফুট, এতে অন্তর্ভুক্ত দুটি বেডরুম, একটি ডাইনিং, একটি কিচেন, একটি টয়লেট ও একটি ব্যালকনি, সিদ্ধুজা আবাসন নামে উক্ত জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংটি সামান্য কমবেশি ৬.৬ ডেসিমেল বা সামান্য কমবেশি ৪ কাঠার সমতল মাপের জমিতে নির্মিত, মৌজা- তারাপুকুরিয়া, জে এল নং ১২, রে সা নং ২৭, তৌজি নং ১৭৮, আর এস দাগ নং ৩৩০, আর এস খতিয়ান নং ২১, পরিমার্জিত খতিয়ান নং ১০, নতুন সংশোধিত খতিয়ান নং ২২৫৯, হোল্ডিং নং ৩৪, বি সি সেন রোড (ডি এস সরণি), ওয়ার্ড নং ৪, থানা- খড়দহ, কলকাতা-৭০০১১৯, জেলা- উত্তর ২৪ পরগনা, পানিহাটি পুরসভার এলাকাধীন, জমিটি বাস্তু হিসেবে শ্রেণিবদ্ধ। সম্পত্তিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: **উত্তর-** যুথিষ্ঠির দাসের সম্পত্তি; **দক্ষিণ-** ১০ ফুট চওড়া পাকা রাস্তা; **পূর্ব-** বি সি সেন রোড; **পশ্চিম-** বি এম ঘোষের সম্পত্তি।

HOU/SKOL/ 0119/631822 ইন্দ্রভূষণ সিং শেখনাথ সিং ব্রাঞ্চ অফিস: কলকাতা	₹ ১১,০৬,১১৪.৮২/- ২৯.১২.২০২১ অনুযায়ী বকেয়া ও প্রদেয়	বাস্তবিক দখল	স্বাংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ১২- এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: 'শ্রেয়া অ্যাপার্টমেন্ট' নামে পরিচিত জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের	₹ ১,১৫৪,০ ০০.০০	₹ ১১৫,৪০ ০.০০	০৯.১২.২৪	₹ ১০,০০০/-	২৫.১১.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১০.১২.২০২৪ দুপুর ২টা থেকে দুপুর ৩টা	জানা নেই

৩ নং ফ্লোরের পিছনের অংশে, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬